



95

28



গতকাল জাকসু নির্বাচনে ভোট প্রদানের জন্য ছাত্রীদের লাইন — ইনকিলাব

শান্তিপূর্ণ পরিবেশে ষষ্ঠ জাকসু নির্বাচনে ভোট গ্রহণ সম্পন্ন

॥ জাঃ বিঃ রিপোর্টার ॥
শান্তিপূর্ণ পরিবেশে গতকাল ষষ্ঠ জাহাঙ্গীর
নগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ
(জাকসু) নির্বাচনের ভোট গ্রহণ সম্পন্ন
হয়েছে।
গতকাল সকাল ৯টা থেকে বিকাল ৩টা
পর্যন্ত বিরতিহীনভাবে বিশ্ববিদ্যালয়ের

৬টি কেন্দ্রে জাকসু ও হল সংসদসমূহের
ভোট গ্রহণ করা হয় এবারের নির্বাচনে
রেকর্ডসংখ্যক ভোটার ভোটদান করেন।
সর্বমোট ২২শ' ৫ জন ভোটারের মধ্যে
১৯শ' ১৮ জন ভোটার তাদের
ভোটাধিকার প্রয়োগ করেন।

